# উপজেলা পরিষদ
# শ্যামনগর, সাতক্ষীরা

# বার্ষিক পরিকল্পনা বই

## অর্থ বছর : ২০২১- ২০২২



# উপজেলা বার্ষিক পরিকল্পনা বই

## উপজেলা পরিষদ

## শ্যামনগর, সাতক্ষীরা।

উপদেষ্টা ঃ

এস.এম জগলুল হায়দার
মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা- ৪
বাংলাদেশ জাতীয় সংসদ

সার্বিক সহযোগীতায় ঃ

জনাব এস.এম.আতাউল হক দোলন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

সহযোগী উপ-কমিটি ঃ

১) জনাব মোঃ সাঈদ-উজ-জামান
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

২) জনাব খালেদা আইয়ূব
ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

**সম্পাদনায় ঃ**

জনাব মোঃ আক্তার হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা

**কারিগরি সহযোগিতায় ঃ**

জনাব মোঃ আকবর হোসেন, সাঁট- মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।
জনাব মোঃ সেলিম হোসেন, অফিস সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্যামনগর, সাতক্ষীরা।

- **আর্থিক ও কারিগরি সহযোগিতায়**
  উপজেলা পরিষদ, শ্যামনগর, সাত্ক্ষীরা।

# সূচিপত্র

১. প্রথম অংশ

## ভূমিকা ও উপজেলা পরিচিতি


১.১ ভূমিকা ও প্রেক্ষাপট
১.২ বইটি যেভাবে ভাগ করা হয়েছে
১.৩ শ্যামনগর উপজেলা পরিচিতি
১.৩.১ ভৌগোলিক পরিচিতি
১.৩.২ উপজেলার পটভূমি
১.৩.৩ উপজেলার অবস্থান
১.৩.৪ ভাষা ও সংস্কৃতি
১.৩.৫ ঐতিহ্যবাহী কাঁকশিয়ালী নদী
১.৩.৬ শ্যামনগর উপজেলার মানচিত্র
১.৪ বার্ষিক পরিকল্পনা বই প্রণয়নের উদ্দেশ্য
১.৫ বার্ষিক কর্মপরিকল্পনা রূপরেখা
১.৬ পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়া ও কৌশল
১.৭ বার্ষিক পরিকল্পনার সীমাবদ্ধতা


২. দ্বিতীয় অংশ


২.০০ তথ্য সম্ভার
২.১ উপজেলার সাধারণ তথ্য ঃ (এক নজরে শ্যামনগর উপজেলা)
২.২ উপজেলা খাতভিত্তিক তথ্য সম্ভার
২.২.১ উপজেলা শিক্ষা বিষয়ক তথ্য
২.২.২ উপজেলা স্বাস্থ্য বিষয়ক তথ্য
২.২.৩ উপজেলা কৃষি বিষয়ক তথ্য
২.২.৪ উপজেলা যোগাযোগ বিষয়ক তথ্য
২.২.৫ উপজেলা মৎস্য বিষয়ক তথ্য
২.২.৬ উপজেলা গবাদী পশু, হাঁস মুরগীর বিষয়ক তথ্য
২.২.৭ উপজেলা সমবায় বিষয়ক তথ্য
২.২.৮ উপজেলা পরিবার পরিকল্পনা বিষয়ক তথ্য
২.২.৯ উপজেলা জনস্বাস্থ্য বিষয়ক তথ্য
২.২.১০ উপজেলা নির্বাচন বিষয়ক তথ্য
২.২.১১ ধর্ম বিষয়ক তথ্য

## ৩. তৃতীয় অংশ

## হস্তান্তরিত বিভাগ সমূহের সাধারণ তথ্য (বার্ষিক পরিকল্পনা)


৩.০০ হস্তান্তরিত বিভাগ সমূহের সাধারণ তথ্য
৩.১ প্রকৌশল বিভাগ (এলজিইডি)
৩.২ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগ
৩.৩ উপজেলা মৎস্য বিভাগ
৩.৪ উপজেলা পরিবার পরিবল্পনা বিভাগ
৩.৫ উপজেলা প্রাথমিক শিক্ষা
৩.৬ উপজেলা সমাজসেবা বিভাগ
৩.৭ উপজেলা যুব উন্নয়ন বিভাগ
৩.৮ উপজেলা মাধ্যমিক শিক্ষা
৩.৯ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ
৩.১০ উপজেলা প্রাণিসম্পদ অফিস
৩.১১ উপজেলা সমবায় অফিস
৩.১২ উপজেলা পল্লী উন্নয়ন অফিস
৩.১৩ উপজেলা মহিলা বিষয়ক অফিস
৩.১৪ উপজেলা বন বিভাগ অফিস
৩.১৫ উপজেলা পরিসংখ্যান অফিস
৩.১৬ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস
৩.১৭ উপজেলা কৃষি অফিস
৩.১৮ উপজেলা পরিষদ কতৃক বাস্তবায়নযোগ্য অগ্রধিকার প্রকল্প


## ৪. চতুর্থ অংশ

### ৪.০০ ২০২০-২১ অর্থ বছরের বাজেট


৪.১ বাজেট প্রণয়ন পদ্ধতি
৪.২ বাজেট সূচী

## ৫. পঞ্চম অংশ

### ৫.০০ উপজেলা পরিচিতি

৫.১ উপজেলা সম্পর্কিত
৫.২ উপজেলা পরিষদের নির্বাচিত সকল সদস্যবৃন্দের ছবি
৫.৩ শ্যামনগর উপজেলার বিভাগীয় প্রধান কর্মকর্তাবৃন্দের ছবি
৫.৪ উপজেলা পরিষদ কর্মচারীগণের ছবি
৫.৫ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্মচারীগণের ছবি
৫.৬ উপজেলা পরিষদের বিভিন্ন কর্মকান্ডের ছবি

# প্রথম অংশ

# ভূমিকা ও উপজেলা পরিচিতি

## ১.১ ভূমিকা ও প্রেক্ষাপট

পরিকল্পনা বলতে বর্তমান ও ভবিষ্যত কর্মকান্ডের মধ্যে নতুন সেতু বন্ধন তৈরী করা ও উন্নয়ন কর্মকান্ড গতিশীল রাখা। দেশের সার্বিক উন্নয়নের জন্য আর্থসামাজিক ও অর্থনৈতিক পরিকল্পনা গ্রহণ করা হয়। বাংলাদেশে বিভিন্ন সময়ে বিভিন্ন ধরনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এর মধ্যে পঞ্চবার্ষিকী পরিকল্পনা অন্যতম। স্থানীয় পর্যায়েও পরিকল্পনা কৌশলগতভাবে বিশেষ গুরুত্ব পেয়ে আসছে। অতীতের এ ধারাবাহিকতায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (২০০৯ ও ২০১১ সালে সংশোধিত) এ দেশের উপজেলা সমূহের জন্য একটি বার্ষিক এবং পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন বাধ্যতামূলক করা হয়েছে। যেহেতু পরিকল্পনা একটি নির্দিষ্ট সময়ের জন্য করা হয়, সেহেতু কোন কাজগুলো কখন করা হবে তা নির্ধারণ করার সুবিধার্থে পরিকল্পনা  করা প্রয়োজন। পরিকল্পনা প্রণয়নের শুরুতেই নির্ধারিত দায় দায়িত্বের মধ্যে হতে কোন সময়ের জন্য কোন কাজটি অগ্রাধিকার দেয়া হবে তা সুনির্দিষ্ট করে নিলে কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে বিশেষ সুবিধা পাওয়া যায় এবং তা থেকে জনগণ উপকৃত হয়। পরিকল্পনা প্রণয়নে জাতীয় বা দেশ ভিত্তিক ও স্থানীয় ফলাফল অর্জনের দিকে গুরুত্ব আরোপ করা এবং নিম্ন-উর্ধমূখী পদ্ধতি এবং সকল শ্রেনি পেশার নাগরিকগণের কার্যকরী অংশগ্রহণ পরিকল্পনা প্রণয়নে অনুসরণ করা একান্ত প্রয়োজন। পরিকল্পনার অন্যতম প্রধান বিষয়বস্তু হচ্ছে সম্পদের সুষ্ট ব্যবহার নিশ্চিত করা।

উপজেলা পরিষদকে একটি শক্তিশালী কার্যকর, গণতান্ত্রিক ও জবাবদিহিতামূলক স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এবং উপজেলা পরিষদকে স্থানীয়  উন্নয়নের মাধ্যম হিসেবে গড়ে তোলার লক্ষ্যে পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং এ পরিকল্পনার লক্ষ্য অর্জনের জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাজেট প্রণয়নের উদ্যোগ নেয়া হয়। এর মূল লক্ষ্য হচ্ছে স্থানীয় সম্পদের সুষ্ঠ ব্যবহারের মাধ্যমে স্থানীয় সমস্যার সমাধান এবং একটি গণতান্ত্রিক কার্যকর শক্তিশালী পরিষদ গঠন। বর্তমান সরকারের উন্নয়ন রূপকল্প ২০২১ এবং সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য সমূহ  বিষেশভাবে বিবেচনায় এনে স্থানীয় জনগণের চাহিদার প্রতি দৃষ্টি রেখে শ্যামনগর উপজেলার বার্ষিক পরিকল্পনা প্রণয়নে প্রয়াস নেয়া হয়। এ পরিকল্পনা প্রণয়নের ফলে উপজেলা পর্যায়ে সুশাসন নিশ্চিত করা সম্ভব হবে।

## ১.২ বইটি যেভাবে ভাগ করা হয়েছে

শ্যামনগর উপজেলা পরিষদের সকল কার্যক্রম গতিশীল ও কার্যকর করার মাধ্যমে উপজেলায় সুশাসন প্রতিষ্ঠা নিশ্চিত করে এলাকার সার্বিক উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে ‘তথ্য, পরিকল্পনা এবং বাজেট’ বইটি সাততি অংশ’কে সমন্বিত করে  প্রণীত হয়েছে। প্রথম অংশে উপজেলার প্রাকৃতিক, ভৌগোলিক, ইতিহাস ও ঐতিহ্য প্রভৃতি বিষয়ের অবতারণা করা হয়েছে। এখানে এই বইটি তৈরীর উদ্দেশ্য, কর্মপদ্ধতি ও সীমাবদ্ধতা বিষয়েও বর্ণনা রয়েছে। দ্বিতীয় অংশে শ্যামনগর উপজেলার মৌলিক তথ্য, উপজেলার খাতভিত্তিক তথ্য যেমন-ভৌত অবকাঠামো, কৃষি, মৎস্য ও প্রাণি সম্পদ, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, যুব ও ক্রীড়া উন্নয়ন ইত্যাদি সন্নিবেশিত হয়েছে। তৃতীয় অংশটি সাজানো হয়েছে উপজেলার সম্পদসমূহের বিবরণের মাধ্যমে। এখানে উপজেলা পরিষদের বিগত পাঁচ বছরের রাজস্ব ও উন্নয়ন তহবিল, হস্তান্তরিত বিভাগসমূহের রাজস্ব ও উন্নয়ন প্রাপ্তি এবং ব্যয়, হস্তান্তরিত বিভাগসমূহের মোট প্রাপ্তি সম্পর্কে অবতারণা করা হয়েছে। উপজেলা পরিষদের সম্পদের সামগ্রিক একটি চিত্র এই অংশে পাওয়া যাবে। বইটির চতুর্থ অংশে উপজেলা পরিষদের বিভিন্ন খাতে আগামী এক বছরের উন্নয়ন দৃষ্টিভঙ্গী বর্ণিত হয়েছে। শ্যামনগর উপজেলা পরিষদ কিভাবে তা অর্জন করবে তার একটি রূপরেখা প্রণয়নের চেষ্টা করা হয়েছে। পাশাপাশি উপজেলার সমস্যাসমূহের তালিকা থেকে পাঁচটি প্রধান সমস্যা চিহ্নিত করে সেগুলো সমাধানে প্রকল্প বাস্তবায়নের অগ্রাধিকারভিত্তিক তালিকা প্রদান করা হয়েছে। উপজেলা পরিষদের উন্নয়ন প্রস্তাবগুলোকে কেন্দ্র করে পঞ্চম অংশটি সাজানো হয়েছে। উপজেলা পরিষদের কমিটিসমূহ বিভিন্ন সভার মাধ্যমে প্রাপ্ত প্রকল্প প্রস্তাব, ইউনিয়ন পরিষদ থেকে প্রাপ্ত যৌথ অর্থায়নে বাস্তবায়নযোগ্য প্রকল্প প্রস্তাব, এনজিও তথা অন্য কোন সরকারি-বেসরকারি সংস্থার সাথে যৌথ প্রকল্প প্রস্তাব, এমনকি স্থানীয় সংসদ সদস্যের বরাদ্দ তথা এলজিইডির আওতায় বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের মাধ্যমে সর্বশেষ অর্থ বছর পর্যন্ত বাস্তবায়নাধীন/বাস্তবায়িত বিশেষ কিছু প্রকল্পের তালিকা এই অধ্যায়ে সন্নিবেশিত হয়েছে। ষষ্ঠ ও সপ্তম অংশে যথাক্রমে উপজেলা পরিষদের বাজেট ও নিরীক্ষা প্রতিবেদন নাগরিকবৃন্দের জানার অধিকার নিশ্চতকল্পে সবিস্তারে আলোচনা করা হয়েছে।

উল্লেখ্য, সাসটেইনএবল ডেভলপমেন্ট গোল (এসডিজি) অর্জন এবং এসডিজি পরবর্তী উন্নয়ন কার্যক্রম বিবেচনায় উপজেলা পরিষদের খাতভিত্তিক দীর্ঘমেয়াদী ভিশনও সংযোজন করার চেষ্টা করা হয়েছে - যাতে পরবর্তীতে উপজেলা পরিষদকে নতুনভাবে তার কার্যক্রম শুরু করতে না হয়। তাদের সম্ভাবনাময় উন্নয়ন ভাবনার সাথে এগুলোর প্রয়োজনীয় পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের কাজটিও পরবর্তীতে সহজতর হবে। শ্যামনগর উপজেলার সামাজিক-ঐতিহাসিক পরিচিতি তুলে ধরতে এটি সহায়তা করবে যাহা প্রথম অংশে সন্নিবেশিত হয়েছে অতঃপর পরিকল্পনা বইটি প্রণয়নের উদ্দেশ্য, কর্ম পদ্ধতি এবং সীমাবদ্ধতা নিয়ে আলোচনা করা হয়েছে। বইটির এই অংশে শ্যামনগর উপজেলার একটি মানচিত্রও সংযোজন করা হয়েছে।

## ১.৩ শ্যামনগর উপজেলা পরিচিতি

### ভূমিকা

উন্নয়নের প্রথম শর্ত পরিকল্পনা। সুষ্ঠু ও মানসম্পন্ন পরিকল্পনা ব্যতীত প্রকৃত উন্নয়ন সম্ভব নয় এবং তা জনগণের কল্যাণেও আসেনা। মেধা, প্রতিভা, বিষয়ভিত্তিক জ্ঞান ও অভিজ্ঞতার সমন্বয়ে একটি সুন্দর, সুষ্ঠু পরিকল্পনা তৈরী সম্ভব। সে অর্থে আমরা বাঞ্ছারামপুর উপজেলার প্রতিটি ইউনিয়ন পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি- যাঁদের এ দেশের তৃনমূল পর্যায়ের সকল বিষয়ে বাস্তব ধারণা ও অভিজ্ঞতা রয়েছে- তাঁদের প্রতিনিধিত্ব এবং উপজেলা পরিষদে কর্মরত বিষয়ভিত্তিক প্রতিটি দপ্তরের কর্মকর্তা- যাঁরা দেশের আর্থ সামাজিক উন্নয়নের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত, জ্ঞান ও অভিজ্ঞতায় সমৃদ্ধ ও প্রশিক্ষণপ্রাপ্ত- সে সব কর্মকর্তা ও কর্মচারীদের চিন্তা-চেতনা, মননশীলতা, নান্দনিকতা সবকিছুর সমন্বয় ঘটিয়ে উপজেলার ভবিষৎ চাহিদা ও উন্নয়নের রুপরেখা স্বরূপ একটি পরিকল্পনা তৈরীর প্রয়াস পেয়েছি। উপজেলার প্রতিটি জনপদের মানুষ যাতে এ পরিকল্পনার সুফল পায় তা-ই এ পরিকল্পনার লক্ষ্য।

### উপজেলা পরিচিতি

পৃথিবীশ্রেষ্ঠ সমৃদ্ধশালী জমিনের সবুজ শ্যামলীমায় ভরপুর নদীমাতৃক বাংলাদেশের সর্ব দক্ষিণে নৈসর্গিক দৃশ্যের লীলাভূমি সুন্দনবন সংলগ্ন শ্যামনগর উপজেলার সৃষ্টি ১৮৯৭ খ্রিস্টাব্দে ব্রিটিশ আমলে। কথিত আছে রাজা প্রতাপাদিত্যের পুত্র উদয় আদিত্য তার রাজধানী মূঘল সৈন্যদের আক্রমণ হতে রক্ষার নিমিত্তে মাটির দীর্ঘ গড় নির্মান করেন। উক্ত মাটির নির্মিত গড়কে সৈন্যদের সতর্কীকরণ গড় হিসেবে চিহ্নিত ছিল। সামনে গড় কথাটি রূপান্তরিত হয়ে শ্যামনগর ধারন করেই এ উপজেলার নাম শ্যামনগর হয়। এ উপজেলার উত্তরে কালিগঞ্জ উপজেলা, দক্ষিণে বিশাল বনভূমি বিশ্বের সর্ব বৃহত ম্যানগ্রোভ সুন্দরবন, পূর্বে আশাশুনি উপজেলা এবং খুলনা জেলার কয়রা উপজেলা এবং পশ্চিমে ভারতের পশ্চিমবঙ্গ রাজ্য।বঙ্গোপসাগরের নীল জলের বুকে জেগে ওঠা সুন্দরবন সংলগ্ন শ্যামনগর উপজেলার জনগণের জীবন ধারণের উৎস কৃষিকাজ,ব্যবসা,চাকুরী,চিংড়ীচাষ চিংড়ী রেণু সংগ্রহ,সুন্দরবন হতে কাঠ, গোলপাতা ও মধু আহরণ। এ জনপদের মানুষ সহজ- সরল। সুন্দরবন সংলগ্ন জনপদে মাঝে মাঝে রয়েলবেঙ্গল টাইগার ও কুমীরের আক্রমণ ঘটে

ঐতিহাসিক স্থান সমূহঃ (১) বংশীপুর শাহী মসজিদ, (২) ঈশ্বরীপুর যশোরেশ্বরী কালি মন্দির, (৩) ঈশ্বরীপুর হাম্মানখানা,(৪) চন্ড ভৈরবের ত্রিকোণ মন্দির,(৫) নকিপুর জমিদার বাড়ী,(৬) জাহাজঘাটা, (৭) গোপালপুর গোবিন্দ মন্দির ও (৮) গোপালপুর শহীদ স্মৃতিসৌধ।

মুক্তিযুদ্ধর সংক্ষিপ্ত ইতিহাস ঃ ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের প্রথম দিকে শ্যামনগর উপজেলার অধিকাংশ হিন্দু শরণার্থী হয়ে ভারতে আশ্রয় গ্রহণ করে। কিছু মুসলমানও যুদ্ধ ভয়ে পালিয়ে যায়,আবার কিছু যুব শ্রেনী মুক্তিফৌজ ট্রেণিং এর জন্যও ভারতে প্রবেশ করে। প্রথমদিকে রাজাকারদের দাপট ছিল বেশী। বছরের মাঝামাঝি সময়ের পর থেকে মুক্তিফৌজ ও রাজাকার সংঘর্ষ হতে থাকে। পশ্চিমা শাসকগোষ্ঠীরও সম্মুখীন হতে হয়েছে কয়েকবার। কিন্তু গেরিলা ট্রেণিংপ্রাপ্ত মুক্তিফৌজের সাথে কোন বড় রকমের ংঘর্ষ হয়নি শ্যামনগরে পশ্চিমাদের।

শ্যামনগরের ১২টা ইউনিয়নের কমবেশী মোট ১৯৩ জন মুক্তিযোদ্ধা ছিল। এদের মধ্যে ১৫২জন ট্রেণিং প্রাপ্ত। পরে ৪০ জন সহযোগী হিসেবে তাদের সংগে যোগ দেয়। গোপালপুরের সন্নিকটে খান সেনাদের সাথে মুক্তিফৌজের একটি খন্ড যুদ্ধ হয়। কিন্তু তাতে শ্যামনগরের কোন মুক্তিফৌজ নিহত হয়নি। ১৯৭১ সালের ১ শে আগস্ট/২রা ভাদ্র রোজ শুক্রবার পাকহানাদার বাহিনীর সাথে মুক্তিযোদ্ধাদের এ সংঘর্ষে মুক্তিযোদ্ধা আঃ কাদের, ইলিয়াস, আব্দুল কালাম ও অজ্ঞাতনামা দুই মুক্তিযোদ্ধা শহীদ হন। তাঁদের কবরগুলো বাঁধানো আছে। তার পাশেই শহীদদের স্মৃতির উদ্দেশ্যে একটি স্মৃতিস্তম্ভ নির্মিত হয়েছে। স্বাধীনতা দিবস,বিজয় দিবস ও ২ শে ফেব্রুয়ারীতে উক্ত শহীদ স্মৃতিসৌধে এলাকার সকল মহল পুষ্পার্ঘ অর্পণ করে থাকেন।

উপজেলার সাধারণ তথ্যঃ

০১. উপজেলার আয়তন- ৪৫৫.০০ বর্গ কিলোমিটার, সুন্দরবনের আয়তন-১,৪৪৮.০০ বর্গ কিলোমিটার,

মোট আয়তন-১৯০৩.০০ বর্গ কিলোমিটার।

০২. মোট জনসংখ্যা- পুরুষ-১,৯৩,৩৭১জন,মহিলা-১,৯২,৭৬৯ জন,মোট=৩,৮৬,১৪০ জন(জুন/১২ পর্যন্ত হিসাব মতে)।

০৩. ইউনিয়নের সংখ্যা-১২ টি। যথা- ভুরুলিয়া,কাশিমাড়ী,শ্যামনগর সদর,নূরনগর,কৈখালী,রমজাননগর, মুন্সিগঞ্জ,

ঈশ্বরীপুর,বুড়িগোয়ালিনী, আটুলিয়া,পদ্মপুকুর ও গাবুরা।

০৪. ইউনিয়ন ভূমি অফিসের সংখ্যা-১১ টি। (১) ভুরুলিয়া,(২) কাশিমাড়ী,(৩) নকিপুর,(৪) নূরনগর,(৫)

কৈখালী,(৬)হরিনগর,(৭) বংশীপুর,(৮)বুড়িগোয়ালিনী,(৯) নওয়াবেঁকী,(১০) গড়কুমারপুর ও (১১) গাবুরা।

০৫. মোট মৌজার সংখ্যা- ১২৬ টি।

০৬. মোট গ্রামের সংখ্যা- ২১৯ টি।

০৭. পুলিশ ফাড়ি- ০২টি। (১) বুড়িগোয়ালিনী নৌ-পুলিশ ফাড়ি ও (২) রায়মঙ্গল নৌ-পুলিশ ফাড়ি।

০৮. বিডিআর স্থাপনা ঃ (ক) ব্যাটালিয়ন- ০১টি- নীলডুমুর। (খ) বিওপি-০৪টি ।(১) দুরমুজখালী,(২) কৈলতলী,(৩)কৈখালী

(৪) পরাণপুর।

০৯. বনবিভাগ ঃ (ক) রেঞ্জ অফিস-০১টি,বুড়িগোয়ালিনী,(খ) স্টেশন অফিস- ০৩টি,(১) বুড়িগোয়ালিনী,(২) কদমতলা

ও(৩) কালিঞ্চী।

১০. স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ ঃ (ক) সরকারী হাসপাতাল-০১টি,(খ) বে-রকারী হাসপাতাল-০১টি,(গ) ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্র-১১ টি, (ঘ) প্রাইভেট ক্লিনিক ০৭ টি।

১১. জনস্বাস্থ্য বিভাগ ঃ (ক) গভার নলকূপ-৩৩৮৯ টি,(খ) অগভীর নলকূপ- ১২৩২ টি,(গ) পিএসএফ-৪১৮ টি,(ঘ) বৃষ্টির পানি

সংরক্ষণাগার-২৬০ টি,(ঙ) পুকুর ংরক্ষণ-২২ টি,(চ) স্যালোনলকূপ- ৪৫৬ টি।

১২. পানি উন্নয়ন বোর্ড ঃ (ক) বাঁধের পরিমান- ২২০ কিঃমিঃ, (খ) স্লুইচ গেটের সংখ্যা- ৩১ টি ।(গ) পোল্ডার- ২ ও ১৫।

১৩. ডাকবাংলো ঃ (ক) সরকারী-০৪টি,(খ) বে-সরকারী- ০২টি।

১৪. সাইক্লোন সেন্টার-১৬টি।

১৫. মসজিদের সংখ্যা-২৫১ টি।

১৬. মন্দিরের সংখ্যা- ৯৪টি,(১) সার্বজনীন- ২৫টি,(২) ব্যক্তি মালিকানাধীন- ৬৯টি।

১৭. উপজাতীয় জনসংখ্যা(আদিবাসী মুন্ডা সম্প্রদায়)ঃ ২,৬০০ জন, পরিবার-৩৫০টি।

১৮. খাদ্যগুদামের সংখ্যা ঃ (ক) নকিপুর-০২টি,(২) নওয়াবেঁকী-০২টি,(৩) হরিনগর-০৩টি,(৪)ভেটখালী-০১টি।

১৯. শিক্ষার হার ঃ (ক) পুরুষ-৫৩.৮ %,(খ) মহিলা- ৪৮.৬ %।

শ্যামনগর উপজেলার বিবরণ

সাতক্ষীরা জেলার সর্ব দক্ষিণ-পশ্চিম প্রান্ত জুড়ে শ্যামনগর উপজেলার অবস্থান। এ উপজেলার উত্তরে কালিগঞ্জ উপজেলা,দক্ষিণে বিশাল বনভূমি বিশ্বের সর্ব বৃহৎ ম্যানগ্রোভ সুন্দরবন, পূর্বে আশাশুনি উপজেলা এবং খুলনা জেলার কয়রা উপজেলা এবং পশ্চিমে ভারত বাংলাদেশ আন্তর্জাতিক সীমানা নির্দেশক ইছামতি নদী ও ভারতের পশ্চিমবঙ্গ রাজ্য জেলার মধ্যে শ্যামনগর এলাকাটি একটি মৎস্য সমৃদ্ধ অঞ্চল হিসেবে পরিচিত। উপজেলার মোট আয়তন-৪৫৫.০০ বর্গ কিলোমিটার, সুন্দরবনের আয়তন-১,৪৪৮.০০ বর্গ কিলোমিটার, সর্বমোট আয়তন-১৯০৩.০০ বর্গ কিলোমিটার। জনসংখ্যা

৩,৮৬,১৪০জন।তন্মধ্যে পড়রষ -১,৯৩,৩৭১ জরন এবং নারী ১,৯২,৭৬৯ জন(জুন/১২ পর্যন্ত)। প্রতি বর্গকিলোমিটারে জনবসতি গড়ে ৮৪৯ জন। ১৯৮২ সালে শ্যামনগর থানা প্রতিষ্ঠিত হয় এবং ১৯৮৩ সালে শ্যামনগর উপজেলার মর্যাদা লাভ করে। ১২টি ইউনিয়ন নিয়ে শ্যামনগর উপজেলা গঠিত। নিম্নের ছকে ইউনিয়ন ভিত্তিক তথ্য প্রদান করা হ'ল।

ইউনিয়ন ভিত্তিক জনসংখ্যার তথ্যঃ

| ক্রমিক | ইউনিয়নের নাম | গ্রামের সংখ্যা | আয়তন(একরে) | পুরুষ | মহিলা | মোট জনসংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ভুরুলিয়া | ৩২ | ৬০৩৭.০০ | | | |
| ২ | কাশিমাড়ী | ১১ | ৮০২৫.০০ | | | |
| ৩ | শ্যামনগর সদর | ২৭ | ৭৫৫৮.০০ | | | |
| ৪ | নূরনগর | ২০ | ৬৭৫১.০০ | | | |
| ৫ | কৈখালী | ২১ | ১১০২৬.০০ | | | |
| ৬ | রমজাননগর | ১৩ | ১৫২২৭.০০ | | | |
| ৭ | মুন্সিগঞ্জ | ১৮ | ১০১৪২.০০ | | | |
| ৮ | ঈশ্বরীপুর | ০৭ | ১২৬৩৪.০০ | | | |
| ৯ | বুড়িগোয়ালিনী | ১৮ | ১০৬৫১.০০ | | | |
| ১০ | আটুলিয়া | ২২ | ১০১৩৪.০০ | | | |
| ১১ | পদ্মপুকুর | ১৪ | ১০১২৯.০০ | | | |
| ১২ | গাবুরা | ১৬ | ১০১৯৫.০০ | | | |
| সর্বোমোট | | | | | | |

ইউনিয়ন ভিত্তিক ভোটারের তথ্যঃ

| ক্রমিক | ইউনিয়নের নাম | গ্রামের সংখ্যা | আয়তন(একরে) | পুরুষ | মহিলা | মোট ভোটার |
|---|---|---|---|---|---|---|
| ১ | ভুরুলিয়া | ৩২ | ৬০৩৭.০০ | | | |
| ২ | কাশিমাড়ী | ১১ | ৮০২৫.০০ | | | |
| ৩ | শ্যামনগর সদর | ২৭ | ৭৫৫৮.০০ | | | |
| ৪ | নূরনগর | ২০ | ৬৭৫১.০০ | | | |
| ৫ | কৈখালী | ২১ | ১১০২৬.০০ | | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৬ | রমজাননগর | ১৩ | ১৫২২৭.০০ | | | |
| ৭ | মুন্সিগঞ্জ | ১৮ | ১০১৪২.০০ | | | |
| ৮ | ঈশ্বরীপুর | ০৭ | ১২৬৩৪.০০ | | | |
| ৯ | বুড়িগোয়ালিনী | ১৮ | ১০৬৫১.০০ | | | |
| ১০ | আটুলিয়া | ২২ | ১০১৩৪.০০ | | | |
| ১১ | পদ্মপুকুর | ১৪ | ১০১২৯.০০ | | | |
| ১২ | গাবুরা | ১৬ | ১০১৯৫.০০ | | | |
| সর্বোমোট | | | | | | |

ক) বিল ও জলাশয় ঃ

০১. নদ-নদী ঃ সংখ্যা- ০৩টি ঃ আয়তন-১১৬.২৬ একর।

০২. খাল ঃ সংখ্যা- ১৩৩টি ঃ আয়তন-১০০৮.২৩ একর।

০৩. পুকুর ঃ সংখ্যা- ৩৭টি ঃ আয়তন-২২.১৩ একর।

০৪. বোরোপিট ঃ সংখ্যা-৪২টি। ঃ আয়তন-২৩.৪১ হেক্টর।

০৫. ঘের(বাগদা চিংড়ী) ঃ সংখ্যা- ১৩,৫০০টি। ঃ আয়তন-১৪৬৫৯.০০ হেক্টর।

০৬. ঘের(গলদা চিংড়ী) ঃ সংখ্যা- ৫০ টি। ঃ আয়তন-৩০.০০ হেক্টর।

খ) শ্রেনী বিন্যাস অনুযায়ী আবাদযোগ্য জমির পরিমান ঃ

০১. উঁচু ভুমি ঃ ৯০০০.০০ হেক্টর।

০২. মাঝারী উঁচু ভুমি ঃ ১,৬০,১৭৪.০০ হেক্টর।

০৩. মাঝারী নিচু ভুমি ঃ ২১,৫১০.০০ হেক্টর।

উপজেলার মোট রাস্তার দৈর্ঘ্য -১,০০৬.০০ কিলোমিটার।

০১. পাকা রাস্তার পরিমান ঃ ১০৮.০৭ কিলোমিটার।

০২. কাঁচা রাস্তার পরিমান ঃ ৮৪৮.৫৩ কিলোমিটার।

০৩. ইট বিছানো রাস্তার পরিমান ঃ ৪৯.৪০ কিলোমিটার।

০৪. ব্রিজ কালভার্ট ঃ ২০৩ টি।

অন্যান্য তথ্য ঃ

০১. বিওপি ঃ ০৪ টি।

০২. ইউনিয়ন ভূমি অফিস ঃ ১১ টি।

০৩. হাট-বাজার ঃ ৩৩ টি।

রপ্তানীর উদ্দেশ্যে স্থানীয়ভাবে মৎস্য প্রক্রিয়াজাতকরণ ফ্যাক্টরী ঃ

(ক) মেসার্স পেঙ্গুইন ফ্যাক্টরী,প্রোফাঃ মোঃ মাহবুব মোল্যা, স্থানঃ ইসমাইলপুর,শ্যামনগর,সাতক্ষীরা।

(খ) টীমসন রোছেলা ফ্যাক্টরী,প্রোফাঃ আহসান হাবিব বাপ্পী, স্থান- নকিপুর,শ্যামনগর,সাতক্ষীরা।

বনভূমি ঃ সুন্দরবন রিজার্ভ ফরেষ্ট।

শিক্ষা প্রতিষ্ঠান ঃ

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০১. | সরকারী প্রাথমিক বিদ্যালয় | ঃ ৯৬ | টি। | ০৬. আলিম মাদ্রাসা | ঃ ১০ | টি। |
| ০২. | রেজিস্ট্রার্ড প্রাথমিক বিদ্যালয় | ঃ ৭৯ | টি। | ০৭. ইবতেদায়ী মাদ্রাসা | ঃ ০৯ | টি। |
| ০৩. | মাধ্যমিক বিদ্যালয় | ঃ ৩৯ | টি। | ০৮. কলেজ | ঃ ০৭ | টি। |
| ০৪. | নিম্ন মাধ্যমিক বিদ্যালয় | ঃ ০৫ | টি। | ০৯. কমিউনিটি স্কুল | ঃ ০১ | টি। |
| ০৫. | দাখিল মাদ্রাসা | ঃ ২৬ | টি। | ১০. মসজিদ ভিত্তিক পাঠাগার | ঃ | টি। |

এনজিও সংস্থা ঃ শ্যামনগর উপজেলায় মোট-৩৫ টি এনজিও কাজ করছে। (স্থানীয় ও বিদেশী সাহায্য সংস্থার অর্থায়ণ মিশিয়ে)

## ১.৩.৬ শ্যামনগর উপজেলার মানচিত্র



## ১.৪ পরিকল্পনা বই প্রণয়নের উদ্দেশ্য ঃ

উপজেলা পরিষদের জনসাধারণের অবস্থা সারা দেশের জনসাধারণের অবস্থা থেকে ভিন্নতর নয়। অত্র এলাকার জনগণের দারিদ্র হ্রাসকরণের মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে সুষ্ঠু পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। শ্যামনগর উপজেলা পরিষদের বার্ষিক কর্মপরিকল্পনার মূল উদ্দেশ্য হচ্ছে শ্যামনগর উপজেলা পরিষদের নিজস্ব সম্পদ এবং সরকারি ও বেসরকারিভাবে উপজেলার জন্য বরাদ্দকৃত অর্থ জনগণের চাহিদা অনুসারে এবং প্রাধিকারের ভিত্তিতে সমন্বিত উপায়ে ব্যবহারের মাধ্যমে দারিদ্রতা হ্রাস করা। বার্ষিক পরিকল্পনার সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ নিম্নরূপ ঃ

- জনপ্রতিনিধিদের অংশগ্রহণে এলাকার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে শ্যামনগর উপজেলার পরিষদের স্বচ্ছতা জবাবদিহিতা নিশ্চিতকরণ ও পরিষদের দক্ষতা বৃদ্ধি সাধন।

- সর্বস্তরের জনসাধারণের মৌলিক চাহিদা পূরণের লক্ষ্যে ইউনিয়নের পরিকল্পিত উন্নয়ন সাধন।

- আপামর জনগণের চাহিদা মোতাবেক সেবা সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে জাতিগঠনমূলক প্রতিষ্ঠানসমূহের সাথে উপজেলা পরিষদের অংশীদারীত্ব সৃষ্টি করা।

- পরিকল্পিত সেবা ও সহযোগিতা প্রদানের মাধ্যমে এলাকার সেচ ব্যবস্থাপনা, নিষ্কাশন, শস্য, প্রাণীজ সম্পদ, মৎস্য ইত্যাদির উৎপাদনশীলতা বৃদ্ধি করা।

- উন্নত শিক্ষা ও স্বাস্থ্য সেবা গ্রহণের সুযোগ সৃষ্টি এবং তা গ্রহণে এলাকার জনগণের সক্ষমতা বৃদ্ধি

- প্রতিটি ইউনিয়নের মধ্যে আন্তঃযোগাযোগ বৃদ্ধি এবং বিভিন্ন ইউনিয়নের সাথে উন্নত যোগাযোগ ব্যবস্থা নিশ্চিতকরণ।

## ১.৫ বার্ষিক কর্মপরিকল্পনা রূপরেখা

| জাতীয় পরিকল্পনা ও প্রকল্প | স্থানীয় সরকার বিভাগ/ প্রতিষ্ঠানের উন্নয়ন প্রকল্প | শিল্প ও বাণিজ্য উদ্যোগ | অন্যান্য |
|---|---|---|---|
| স্থানীয় অংশে জাতীয় দপ্তর ভিত্তিক প্রকল্প যা বাস্তবায়নযোগ্য ইউনিয়ন, উপজেলা ও জেলা পর্যায়ে | ইউনিয়ন পরিষদের নিজস্ব প্রকল্প | শিল্প ও বাণিজ্য প্রকল্প | এম পি মহোদয়ের অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প |
| | উপজেলা পরিষদের নিজস্ব প্রকল্প | ব্যাংকিং/ ঋণ কার্যক্রম | এনজিও প্রকল্প |
| ইউনিয়ন পর্যায়ে স্থানীয় সরকার বিভাগের প্রকল্প | জেলা পরিষদের প্রকল্প এলজিইডির প্রকল্প | --- | সিভিল সোসাইটি সংগঠন/কমিউনিটি অর্গানাইজেশন |

## ১.৬ বার্ষিক পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়া ও কৌশল

পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ার কতকগুলো ধাপ অনুসরণ করা হয়েছে। যার মধ্যদিয়ে শ্যামনগর উপজেলা পরিষদ প্রথমবারের মতো একটি বার্ষিক পরিকল্পনা বই প্রণয়ন করতে সক্ষম হয়েছে।

- ❖ প্রথমত : বার্ষিক পরিকল্পনা প্রণয়নের জন্য কর্মশালা অনুষ্ঠানের মধ্য দিয়ে পরিষদের সভায় অনুমোদন সাপেক্ষে উপজেলা পরিষদ দক্ষ ও যোগ্য সরকারি ও বেসরকারি কর্মকর্তা এবং জনপ্রতিনিধিদের নিয়ে পরিকল্পনা সমন্বয় কমিটি গঠন করা হয়েছে।

- ❖ দ্বিতীয়ত : পরিকল্পনা সমন্বয় কমিটির মাধ্যমে সম্পদের উৎস এবং অর্থ প্রবাহ পর্যালোচনা হয়েছে। পরবর্তীতে এই কমিটি, পরিষদে ন্যস্ত বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, সংশ্লিষ্ট স্থায়ী কমিটিসমূহের পরামর্শ নিয়ে একটি সম্পদের চিত্র তৈরি করেছে। যা পরিষদের খসড়া সমন্বিত পরিকল্পনা তৈরি করতে সহায়তা করেছে এবং সম্ভাব্য বাজেট তৈরি করতে সহায়তা করবে।

- ❖ তৃতীয়ত : উপজেলা পরিষদ ষ্ট্যান্ডিং কমিটিকে সক্রিয় ও সরকারি জনবলকে দায়িত্বশীল করে অংশগ্রহণমূলক আলোচনার মাধ্যমে খাতভিত্তিক সমস্যা চিহ্নিতকরণ ও চাহিদা নিরূপন করা হয়েছে। অতঃপর পরিকল্পনা সমন্বয় কমিটি স্থায়ী কমিটির নিকট থেকে চাহিদা/প্রস্তাবনা সংগ্রহ করে এবং পরবর্তীতে সেগুলো নিয়ে একটি সমন্বিত খসড়া পরিকল্পনা তৈরি করা হয়েছে।

❖ চতুর্থত : পরিকল্পনা কমিটি বিস্তারিত আলোচনার জন্য খসড়া পরিকল্পনাটি পরিষদের বিশেষ সভায় উপস্থাপন করেছে। অত:পর

❖ উপজেলা পরিষদ খসড়া পরিকল্পনাটি নিয়ে পুনরায় আলোচনা করার জন্য উপজেলা পরিষদের সদস্য, সরকারি, বেসরকারি ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাদের আহবান করেছেন। সভায় অংশগ্রহণকারীগণ খসড়া পরিকল্পনাটি শুনেছেন এবং পুনরায় তাদের মতামত জানিয়েছেন। সবশেষে উপজেলা পরিষদ পরিকল্পনাটি চূড়ান্ত অনুমোদন প্রদান করেছেন।

## পরিকল্পনা ছক:তথ্য সংগ্রহ ও পরিকল্পনা প্রণয়নে সাংগঠনিক প্রক্রিয়া




**শ্যামনগর উপজেলার উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে যে সকল উৎস হতে সম্পদ আহরণ করা হবে তা নিম্নরূপঃ**

০১। পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল।
০২। রাজস্ব উদ্বৃত্ত।
০৩। উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগের প্রকল্পের উৎস।
০৪। প্রকল্প বাস্তবায়ন স্থানীয় বিত্তশালী ব্যক্তিদের অনুদান।
০৫। ভূমি হস্তান্তর করের ১%।
০৭। ভূমি উন্নয়ন করের ২%।
০৬। কাবিখা ও কাবিটা।
০৭। দাতা সংস্থার অনুদান।

০৮। বেসরকারি সংস্থার অনুদান।
০৯। সমবায় সমিতি।
১০। উপজেলা পরিষদের বাসাবাড়ি/অফিসের ভাড়া বাবদ প্রাপ্ত আয়।
১১। হাট-বাজার, হস্তান্তর জলমহাল ও খেয়াঘাট হইতে ইজারালব্ধ আয়ের অংশ।
১২। অন্যান্য।

## ১.৭ বার্ষিক পরিকল্পনার সীমাবদ্ধতা :

শ্যামনগর উপজেলা পর্যায়ের প্রথম বার্ষিক পরিকল্পনা হিসেবে এ পরিকল্পনার কিছু সীমাবদ্ধতা রয়েছে। এগুলো হচ্ছে - উপজেলা পর্যায়ে বিভিন্ন সেক্টরের তথ্য ঘাটতি রয়েছে বিধায় সংশিষ্ট সেক্টরের বর্তমান অবস্থা বিশ্লেষণ করে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা কষ্টকর। উপজেলা পর্যায়ে বার্ষিক পরিকল্পনা প্রণয়নের কোন রূপরেখা না থাকার ফলে প্রাথমিক পর্যায়ে বিভিন্ন বিভাগের (সরকারি বেসরকারি) কর্মকর্তাদের মনে সংশয় পরিলক্ষিত হয়েছে। উপজেলা পরিষদ আইন ১৯৯৮-এর ৪২ নং ধারা অনুযায়ী পাঁচশালা পরিকল্পনাসহ বিভিন্ন মেয়াদী উন্নয়ন পরিকল্পনা প্রস্তুতের বিষয়টি উল্লেখ রয়েছে। পরিকল্পনা প্রস্তুতকরণ বিষয়ে উপজেলা নির্বাচিত জনপ্রতিনিধি এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণের প্রশিক্ষণ না থাকার কারনে পরিকল্পনা প্রণয়নে কাঠামোগত ধাপসমূহ সুবিন্যস্তকরণ এবং পুঙ্খানুপুঙ্খরূপে অনুসরণ করা কষ্টসাধ্য ছিল। এ কারণে পরিকল্পনা প্রণয়নে সময় বেশী ব্যয় হয়েছে।

# ২০২১-২০২২  অর্থবছর

# উপজেলা পরিষদ হস্তান্তরিত বিভাগ বার্ষিক পরিকল্পনার আকার ।

## উপজেলার খাত ভিত্তিক তথ্য সম্ভার

### ৩.০০ হস্তান্তরিত বিভাগ সমূহের সাধারণ তথ্য ঃ

### ৩.০১ প্রকৌশল বিভাগ (এলজিইডি)ঃ

উপজেলা যোগাযোগ বিষয়ক তথ্য ঃ

| | | |
|---|---|---|
| ১। পাকা রাস্তা | ঃ | ৩৬৫.২৫ কি.মি. |
| ২। কাঁচা রাস্তা | ঃ | ৮৫০.০০ কি.মি. |
| ৩। ব্রিজ/কালভার্ট | ঃ | ৫৩০.০০ কি.মি. |
| ৪। ডাকঘর | ঃ | ০.৫ কি.মি. |
| ৫। বাস স্টেশন | ঃ | ১.০৫ কি.মি. |

### ৩.০১ প্রকৌশল বিভাগ (এলজিইডি) ঃ

বাংলাদেশের সামগ্রিক জনসংখ্যার সিংহভাগ অংশই গ্রামে বসবাস করে। বৃহত্তর এই জনগোষ্ঠির আর্থ সামাজিক, শিক্ষা, স্বাস্থ্য এবং যোগাযোগ ব্যবস্থা উন্নয়নে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর নিবেদিতভাবে গ্রামীণ অবকাঠামো উন্নয়নে ও স্বনির্ভর একটি ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে নিরলস ভাবে কাজ করে চলেছে। শ্যামনগর উপজেলার উপজেলা সড়ক, ইউনিয়ন সড়ক,গ্রামীণ সড়ক ও ব্রীজ/কালভার্টের বিস্তারিত বিবরণ নিম্নে বর্ণণা করা হলো ঃ

| ক্রমিক নং | সড়কের ধরণ | মোট সংখ্যা(টি) | মোট দৈর্ঘ্য(কিঃমিঃ) |
|---|---|---|---|
| ০১ | উপজেলা সড়ক | ১২ টি | ৩৬৪.০৪ কিঃমিঃ |
| ০২ | ইউনিয়ন সড়ক | ২৬ টি | ৯৪.২৮ কিঃমিঃ |
| ০৩ | গ্রামীণ সড়ক টাইপ এ | ৬৮ টি | ২৬৮.২৪ কিঃমিঃ |
| ০৪ | গ্রামীণ সড়ক টাইপ বি | ৫২০ টি | ৯৬০.৩৪ কিঃমিঃ |
| ০৫ | ব্রীজ/ কালভার্ট | ২৬৫ টি | ১.০২ কিঃমিঃ |

উপজেলার ২০২১-২০২২ সালের এলজিইডি বিভাগের কর্মপরিকল্পনা ঃ

| **ক্রঃ নং** | **ইউনিয়ন** | **স্কীমের নাম** | **প্রাক্কলিত মূল্য** |
|---|---|---|---|
| ১. | ভুরুলিয়া | ভুরুলিয়া ইউনিয়নে হাটছালা অধীরের দোকান হতে শফিকুলের বাড়ী অভিমুখে ইট সোলিংকরণ। | ১৫০০০০.০০ |
| ২. | ভুরুলিয়া | ভুরুলিয়া রুদ্রপুর নিমাইয়ের বাড়ী হতে ঈদগাহ অভিমুখে রাস্তা সোলিংকরণ। | ৫০০০০.০০ |
| ৩. | ভুরুলিয়া | ভরুলিয়া ফকিরান জুব্বার গাজী বাড়ী পার্শ্বে কালভার্ট নির্মাণ। | ১০০০০০.০০ |
| ৪. | ভুরুলিয়া | ভুরুলিয়া ইউনিয়নে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবে খেলাধুলার সামগ্রী সরবরাহ। | ৫০০০০.০০ |
| ৫. | ভুরুলিয়া | ভুরুলিয়া ইউনিয়নে সত্তর টাকার বাল্লা হতে লুৎফর এর দোকান অভিমুখে রাস্তা সোলিংকরণ। (৬ ফুট প্রস্থ) | ৩০০০০০.০০ |
| ৬. | কাশিমাড়ী | কাশিমাড়ী গোদাড়া জয়নুদ্দীন গাজীর বাড়ী হতে ইব্রাহীম গাজীর বাড়ী পর্যন্ত (খালধার) রাস্তা ইটের সোলিংকরণ। | ৩৫০০০০.০০ |
| ৭. | কাশিমাড়ী | কাশিমাড়ী ইউনিয়নে গোদাড়া জয়নুদ্দীন গাজীর বাড়ী হতে ইব্রাহীম গাজীর বাড়ী পর্যন্ত রাস্তা সোলিংকরণ। (৬ ফুট প্রস্থ) | ১২৬০০০.০০ |
| ৮. | কাশিমাড়ী | কাশিমাড়ী ইউনিয়নে জয়নগর সিনিয়র ফাজিল মাদ্রাসার অসমাপ্ত ভবন নির্মাণ। | ২০০০০০.০০ |
| ৯. | শ্যামনগর | শ্যামনগর উপজেলাধীন মাজাট ঈদগাহ হতে আজাদ মেম্বারের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি ঢালাই করণ। | ১০০০০০.০০ |
| ১০. | শ্যামনগর | শ্যামনগর উপজেলাধীন মাজাট ঈদগাহ হতে বারী গাজীর বাড়ী পর্যন্ত রাস্তা ইট সোলিংকরণ। | ১০০০০০.০০ |
| ১১. | শ্যামনগর | দেবালয় কমিউনিটি ক্লিনিকের প্রাচীর নির্মাণ। | ১০০০০০.০০ |
| ১২. | শ্যামনগর | শ্যামনগর উপজেলাধীন অসহায় ব্যাক্তিদের মাঝে কুকুরে কামড়ানো ভ্যাকসিন সরবরাহ। | ৫০০০০.০০ |
| ১৩. | শ্যামনগর | শ্যামনগর ইউনিয়নে বাদঘাটা সেকেন্দারের বাড়ী হতে ভ্যান চালক নেজামের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিংকরণ। | ২৩৭৫০০.০০ |
| ১৪. | শ্যামনগর | শ্যামনগর ইউনিয়নে হায়বাতপুর আজিয়ার ডাঃ এর বাড়ী হতে মুকুলের বাড়ী পর্যন্ত সিসি রাস্তা নির্মান। (১৮৫ ফুট) | ৭১৫০০.০০ |

| | | | |
|---|---|---|---|
| ১৫. | শ্যামনগর | শ্যামনগর ইউনিয়নে নকিপুর সরকারী এইচসি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের অভ্যন্তরে অসম্পূর্ণ সিসি রাস্তা নির্মাণ। | ১৫০০০০.০০ |
| ১৬. | শ্যামনগর | শ্যামনগর ইউনিয়নে ফুলতলা হতে কাশিপুর রাস্তার সোবহান এর পুকুরে প্যালাসাইডিং করণ। | ৭৩৯৯১.০০ |
| ১৭. | শ্যামনগর | শ্যামনগর উপজেলাধীন বিভিন্ন ইউনিয়নে অসহায় ব্যাক্তিদের মাঝে পানির ট্যাংকি সরবরাহ। | ১৫০০০০.০০ |
| ১৮. | শ্যামনগর | শ্যামনগর সদর ইউনিয়নে জেলা পরিষদ সদস্য মরহুম এস,এম গোলাম মোস্তফা মুকুল এর বাড়ীর হতে ডাঃ মরহুম আলহাজ্ব আজিয়ার রহমানের বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কার। | ১০০০০০.০০ |
| ১৯. | নূরনগর | নূরনগর উপজেলাধীন দেবু কর্মকারের বাড়ী হতে অনিল সরকারের বাড়ী পর্যন্ত সিসি করণ | ৫২০০০০.০০ |
| ২০. | নূরনগর | নূরনগর ইউনিয়নে মানিকপুর আনারুল গাজীর বাড়ী হতে রফিকুল গাজীর বাড়ী পর্যন্ত সোলিং রাস্তা নির্মাণ (৩৭০ ফুট)। (৫ ফুট প্রস্থ) | ৯২৫০০.০০ |
| ২১. | নূরনগর | নূরনগর ইউনিয়নে সৈদালীপুর আবুল ডাঃ এর বাড়ী হতে মহাদেব মগের বাড়ী অভিমুখে সোলিং রাস্তা নির্মাণ (৫ফুট প্রস্থ) | ১০০০০০.০০ |
| ২২. | কৈখালী | কৈখালী ইউনিয়নে কাঠামারী ইয়ারআলী গাজীর বাড়ীর সামনে ইটের সোলিং হতে পরিমল মালির বাড়ী পর্যন্ত ইটের সোলিংকরণ। | ৩৫০০০০.০০ |
| ২৩. | কৈখালী | কৈখালী ইউনিয়নে পূর্ব পরাণপুর সার্বজনীন দূর্গা মন্তিদও হতে তপন কয়ারের বাড়ী পর্যন্ত রাস্তা সোলিংকরণ। (৮৫০ ফুট) (৬ ফুট প্রস্থ) | ২৯০০০০.০০ |
| ২৪. | কৈখালী | কৈখালী ইউনিয়ন ডাঃ সাইফুলের বাড়ী হতে সাংবাদিক আলতাফের বাড়ী অভিমুখে রাস্তা সোলিংকরণ। | ১০০০০০.০০ |
| ২৫. | রমজাননগর | রমজাননগর তোফাজ্জেল বিদ্যাপীঠ এর প্রাচীর নির্মাণ। | ২৭০০০০.০০ |
| ২৬. | রমজাননগর | রমজাননগর ইউনিয়নে ভৈরবনগর মহিলা দাখিল মাদ্রাসায় বেঞ্চ সরবরাহ। | ১০০০০০.০০ |
| ২৭. | রমজাননগর | রমজাননগর ইউনিয়নে ভৈরবনগর (চাঁদখালী) কেয়ার রাস্তার উপর বক্স কালভার্ট নির্মাণ। | ১৫০০০০.০০ |
| ২৮. | রমজাননগর | রমজাননগর ইউনিয়নে ভৈরবনগর বিলের (মৎস্যঘের)পানি নিস্কাশনের জন্য কালাচাঁন বরকন্দাজের বাড়ীর পার্শ্বে বক্স কালভার্ট নির্মাণ। | ২০০০০০.০০ |
| ২৯. | রমজাননগর | রমজাননগর ইউনিয়নে টেংরাখালী আক্কাজ মোল্যার বাড়ী হতে শুকচাঁদ কয়াল এর বাড়ী অভিমুখে রাস্তা সোলিংকরণ। | ১০০০০০.০০ |
| ৩০. | মুন্সীগঞ্জ | মুন্সীগঞ্জ ইউনিয়নে হরিনগর ইউনিয়ন পরিষদ হতে মক্তব হয়ে ছোট ভেটখালীর ফুজু গাজীর ব্রীজ পর্যন্ত সোলিং রাস্তা সংস্কার। | ৩৫০০০০.০০ |
| ৩১. | মুন্সীগঞ্জ | মুন্সীগঞ্জ ইউনিয়নে সুন্দরবন মাধ্যমিক বিদ্যালয়ের প্রাচীর নির্মান। | ২০০০০০.০০ |
| ৩২. | মুন্সীগঞ্জ | মুন্সীগঞ্জ ইউনিয়নে যতিন্দ্রনগর কার্পেটিং রাস্তা মোশারফ মাওঃ বাড়ী হতে ময়জুদ্দীন মোড় সোলিং রাস্তা সংস্কার। | ১১০০০০.০০ |
| ৩৩. | ঈশ্বরীপুর | ঈশ্বরীপুর ইউনিয়নে শ্রীফলকাটী মিস্ত্রী বাড়ীর পার্শ্বে পানি সরবরাহের জন্য কালভার্ট নির্মাণ। | ৯০০০০.০০ |
| ৩৪. | ঈশ্বরীপুর | ঈশ্বরীপুর ইউনিয়নে বংশীপুর মোহাম্মাদ হুজুরের বাড়ীর পার্শ্বে পানি সরবরাহের জন্য কালভার্ট নির্মাণ | ৭০০০০.০০ |
| ৩৫. | ঈশ্বরীপুর | ঈশ্বরীপুর ইউনিয়নে বংশীপুর হযরত গাইনের বাড়ী হতে সিরাজজুল কাগুচীর বাড়ী অভিমুখে রাস্তা ইটের সোলিংকরণ। | ১৯০০০০.০০ |
| ৩৬. | ঈশ্বরীপুর | ঈশ্বরীপুর ইউনিয়নে শ্রীফলকাটী আর এন্ড এইচ রাস্তা হতে গাজী বাড়ী জামে মসজিদ পর্যন্ত রাস্তা সোলিংকরণ। (৫১০ ফুট) | ১২৫০০০.০০ |
| ৩৭. | বুড়িগোয়ালিনী | বুড়িগোয়ালিনী ৮ নং ওয়ার্ডের জাপান ফাষ্ট ট্রেড লিঃ এর উত্তর মাথার সোলিং থেকে ছবেদ মাষ্টারের বাড়ী অভিমুখে রাস্তা সোলিংকরণ। | ৩৫০০০০.০০ |
| ৩৮. | বুড়িগোয়ালিনী | বুড়িগোয়ালিনী ইউনিয়নে আবাদচন্ডিপুর শামসুর সরদারের বাড়ী হতে মির্জাপুর মসজিদ অভিমুখে সোলিং রাস্তা নির্মাণ। | ৩০০০০০.০০ |
| ৩৯. | বুড়িগোয়ালিনী | বুড়িগোয়ালিনী ইউনিয়ন বনবিবিতলা কেয়ার রাস্তা হতে লস্কর এর বাড়ি পানি ফিল্টার অভিমুখে রাস্তা সোলিংকরণ। | ১০০০০০.০০ |
| ৪০. | বুড়িগোয়ালিনী | বুড়িগোয়ালিনী আবাদচন্ডিপুর কদমতলা বিনোদ মুন্ডার বাড়ী হতে সাত্তার গাজীর বাড়ী পর্যন্ত রাস্তা সোলিংকরণ। | ১০০০০০.০০ |
| ৪১. | আটুলিয়া | আটুলিয়া ইউনিয়নে নওয়াবেঁকী কাটাখাল নিরান এর বাড়ীর পার্শ্বে কালভার্ট নির্মাণ। | ১০০০০০.০০ |
| ৪২. | আটুলিয়া | উত্তর আটুলিয়া ছালাম এর বাড়ীর ইট সোলিং এর সামনে হতে ওয়াহেদ এর বাড়ী অভিমুখে ইটের রাস্তা সোলিংকরণ। | ১০০০০০.০০ |
| ৪৩. | আটুলিয়া | আটুলিয়া বরায়সিংহ সুরঞ্জন সর্নকার এর বাড়ী হতে সরকারী প্রাথমিক বিদ্যালয় অভিমুখে রাস্তা সোলিংকরণ। | ১০০০০০.০০ |

| | | | |
|---|---|---|---|
| ৪৪. | আটুলিয়া | দক্ষিণ পশ্চিম আটুলিয়া লিয়াকত এর বাড়ী হতে পাঞ্জেগানা অভিমুখে রাস্তা সোলিংকরণ। | ৫০০০০.০০ |
| ৪৫. | আটুলিয়া | আটুলিয়া ইউনিয়নে সোহরাবিয়া দাখিল মাদ্রাসা সংস্কার। | ২০০০০০.০০ |
| ৪৬. | পদ্মপুকুর | পদ্মপুকুর ইউনিয়নে গড়কুমারপুর দাখিল মাদ্রাসার গৃহ সংস্কার। | ১৫০০০০.০০ |
| ৪৭. | পদ্মপুকুর | পদ্মপুকুর পূর্ব পাতাখালী সাগর সরদারের বাড়ী হতে আশরাফ সরদারের বাড়ী অভিমুখে রাস্তা সোলিংকরণ। | ১০০০০০.০০ |
| ৪৮. | পদ্মপুকুর | পদ্মপুকুর খুটিকাটা বাজারের রনজিতের দোকান হতে সেকেন্দারের দোকান অভিমুখে রাস্তা সোলিংকরণ। | ১০০০০০.০০ |
| ৪৯. | গাবুরা | গাবুরা চাঁদনীমুখা কালভার্ট হতে পার্শ্বেমারী খেয়াঘাট অভিমুখে রাস্তা সোলিংকরণ। | ৩৫০০০০.০০ |
| ৫০. | গাবুরা | গাবুরা ইউনিয়ন ডুমুরিয়া তরফদার বাড়ী জামে মসজিদ হতে গাবুরা দারুস সুন্নাহ মাদ্রাসা অভিমুখে রাস্তা সোলিংকরণ। | ১৫০০০০.০০ |

### ৩.০২ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ

সবার জন্য স্বাস্থ্য এই শ্লোগানে ধারণ করে উপজেলা স্বাস্থ্য বিভাগ শ্যামনগর উপজেলার ১২ টি ইউনিয়নে স্বাস্থ্য সেবা প্রদান করে থাকে। এ অঞ্চলের ডায়রিয়া, আমাশয়, কলেরা সহ বিভিন্ন সংক্রামক-অসংক্রামক রোগ, খাদ্য, পানি বাহিত রোগ প্রতিরোধের লক্ষ্যে স্বাস্থ্য কর্মীগণ গ্রামীণ জনগোষ্ঠীকে উদ্ধুদ্ধ করে থাকে। তাছাড়া শিশুদের মারাত্বক ১০ টি রোগ প্রতিরোধের জন্য ইপিআই কার্যক্রম প্রতি ইউনিয়নের প্রতি ওয়ার্ডে কার্যক্রম পরিচালনা করা হয়। অত্র উপজেলায় ৩৫টি কমিউনিটি ক্লিনিকে কর্মরত সিএইচসিপিগণ (কমিউনিটি হেলথ্ কেয়ার প্রোভাইডার) বিভিন্ন রোগের চিকিৎসা ও স্বাস্থ্য সচেতনতা তৈরীতে ভুমিকা রাখেন। তাছাড়া মাঠ পর্যায়ে বিভিন্ন পুরাতন ও নবোদ্ভুত জটিল রোগী সনাক্তকরণ, সচেতনতা সৃষ্টি ও রেফারাল কার্যক্রমে মাঠ কর্মীরা সহায়তা করে থাকে। শ্যামনগর উপজেলার স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য ৫০ শয্যা বিশিষ্ট ১টি স্বাস্থ্য কমপ্লেক্স, ১১টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, ৩৫টি কমিউনিটি ক্লিনিক রয়েছে।

### ৩.০৩ উপজেলা মৎস্য বিভাগ ঃ

মৎস্য সম্পদ উন্নয়নের মূল লক্ষ্য হচ্ছে মাছের উৎপাদন বৃদ্ধির মাধ্যমে জনগণের পুষ্টি চাহিদা মেটানো এবং আত্মকর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিকভাবে লাভবান হওয়া। উপজেলায় মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান, পুকুর পরিদর্শন, পরামর্শ প্রদান, বিভাগীয় উন্নয়ন প্রকল্পের আওতায় প্রদর্শনী চাষ কার্যক্রম বাস্তবায়ন, মৎস্য চাষে ঋণ প্রদান এবং উন্মুক্ত জলাশয়ে পোনামাছ অবমুক্তি, মৎস্য আইন বাস্তবায়ন, মৎস্য অভয়াশ্রম স্থাপনের মাধ্যমে মৎস্যজীবিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন প্রভৃতি কার্যক্রম নিয়মিত বাস্তবায়িত হচ্ছে। আয় বর্ধনকারী মৎস্য প্রজাতি সংরক্ষণ ও সম্প্রসারণে ব্যবস্থা গ্রহণ ও বৈজ্ঞানিক পদ্ধতিতে মৎস্য চাষে উৎসাহিত করার জন্য প্রশিক্ষণ প্রদান। এ ছাড়া প্রাকৃতিক প্রজনন ক্ষেত্র সনাক্তকরণ ও সংরক্ষণ, মাছের উন্নত পোনা প্রাপ্তি নিশ্চিতকরণ, মাছের রোগ প্রতিরোধ ও প্রতিকারের জন্য সহায়তা প্রদান এবং প্লাবন ভূমিতে অবকাঠামো তৈরির মাধ্যমে মৌসুমী মাছ চাষের ব্যবস্থা গ্রহণ এবং প্রাকৃতিক জলাভূমিতে মাছের নিরাপত্তা প্রদান এ সেক্টরের উন্নয়নের মূল লক্ষ্য।

উপজেলার মৎস্য বিষয়ক তথ্যাদিঃ

## শ্যামনগর উপজেলার মৎস্য সম্পদ উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২২

| গৃহীত কার্যক্রম | কার্যক্রম গ্রহণের উদ্দেশ্য | কে কাজটি করবে | অর্থের উৎস্য | কোন অর্থ বছরে করা হবে | সম্ভাব্য ব্যয় (লক্ষ টাকা) | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | বিভাগীয় অর্থায়নে | উপজেলা পরিষদ ও অন্যান্য |
| প্রশিক্ষণ | পরিবেশ বান্ধব মাছ ও চিংড়ি চাষে উদ্বুদ্ধকরণ ও আত্মকর্মসংস্থানের উদ্যোগ গ্রহণ | মৎস্য অধিদপ্তর | মৎস্য অধিদপ্তর, উপজেলা পরিষদ | প্রতি বছর | ২.০০X ৫= ১০.০ | ০.৫X ৫= ২.৫ |
| পরামর্শ প্রদান | পরিবেশ বান্ধব মাছ ও চিংড়ি চাষে কারিগরি সহায়তা প্রদান | মৎস্য অধিদপ্তর | মৎস্য অধিদপ্তর | প্রতি বছর | - | - |
| পুকুর পরিদর্শন | পরিবেশ বান্ধব মাছ ও চিংড়ি চাষে কারিগরি সহায়তা প্রদান | মৎস্য অধিদপ্তর | মৎস্য অধিদপ্তর | প্রতি বছর | - | - |
| মত বিনিময় ও উদ্বুদ্ধকরণ সভা | মাছ চাষে উদ্বুদ্ধকরণ | মৎস্য অধিদপ্তর | মৎস্য অধিদপ্তর | প্রতি বছর | ১.৫X ৫= ৭.৫ | - |
| মৎস্য আইন বাস্তবায়ন ও সচেতনতা সভা | সচেতনতা সৃষ্টি | মৎস্য অধিদপ্তর | মৎস্য অধিদপ্তর | প্রতি বছর | ২.০ X ৫= ১০.০০ | - |
| ফরমালিন বিরোধী অভিযান পরিচালনা | ফরমালিন মুক্ত মাছ বাজার সৃষ্টি | মৎস্য অধিদপ্তর | মৎস্য অধিদপ্তর | প্রতি বছর | ১.০X ৫= ৫.০০ | - |
| অবৈধ জাল নির্মূলকরণে সম্মিলিত বিশেষ অভিযান | নদীতে ব্যবহৃত অবৈধ জাল নির্মূলকরণের মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি | মৎস্য অধিদপ্তর | মৎস্য অধিদপ্তর | প্রতি বছর | ১.০০ X ৫= ৫.০০ | - |
| কোস্টাল প্রকল্পের কার্যক্রম | -জলাশয় পুনঃখনন<br>-ক্লাস্টার ভিত্তিক চিংড়ি চাষ<br>- সার্টিফিকেশন | মৎস্য অধিদপ্তর | মৎস্য অধিদপ্তর | প্রতি বছর | ১৫.০X ৫= ৭৫.০০ | - |
| ইউনিয়ন প্রকল্প কার্যক্রম (২য় পর্যায়) | প্রদর্শনী খামার স্থাপনের মাধ্যমে আধুনিক প্রযুক্তিতে মাছ চাষ করে মাছের উৎপাদন বৃদ্ধি | মৎস্য অধিদপ্তর | মৎস্য অধিদপ্তর | প্রতি বছর | ৩.০X ৫= ১৫.০০ | - |
| নিরাপদ মৎস্য উৎপাদন কেন্দ্র এবং চাষী স্কুল প্রতিষ্ঠা ও ব্যবস্থাপনা | নিরাপদ মৎস্যের উৎপাদন বৃদ্ধি করা | মৎস্য অধিদপ্তর | উপজেলা পরিষদ | ১ বছর | - | ৪.০X ১= ৪.০০ |
| ব্যক্তি পর্যায়ে উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে ব্রুড ব্যাংক স্থাপন এবং ব্যবস্থাপনা | অত্র উপজেলার চাষীদের গুণগতমানের রেণু পোনার চাহিদা পূরণ | মৎস্য অধিদপ্তর | উপজেলা পরিষদ | ১ বছর | - | ৮.০X ১= ৮.০০ |
| উন্মুক্ত জলাশয়ে পোনা অবমুক্তকরণ | দেশে মাছের উৎপাদন বৃদ্ধি করা | মৎস্য অধিদপ্তর | মৎস্য অধিদপ্তর | প্রতি বছর | ২.০X৫= ১০.০০ | - |
| উন্মুক্ত জলাশয়ে মাছের অভয়াশ্রম স্থাপন | দেশীয় প্রজাতির মাছের প্রজনন ও উৎপাদন বৃদ্ধি | মৎস্য অধিদপ্তর | উপজেলা পরিষদ | ১ বছর | - | ১.৫X১= ১.৫ |
| উপজেলা মৎস্য দপ্তরের প্রশিক্ষণ কক্ষ নির্মাণ | মৎস্যচাষীদেরকে মনোরম পরিবেশে 'আধুনিক প্রযুক্তিতে মৎস্যচাষ' সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মাছ/চিংড়ির উৎপাদন বৃদ্ধি | মৎস্য অধিদপ্তর | উপজেলা পরিষদ | ১ বছর | - | ১৩.০০X ১= ১৩.০০ |
| খাল এবং বেড়ীবাঁধ | মৎস্য ঘেরে পানি প্রাপ্যতা | মৎস্য অধিদপ্তর | উপজেলা পরিষদ | প্রতি বছর | - | ৬.০০X ৫= ৩০.০০ |

| ক্রমিক নং | পদবী | অনুমোদিত পদ | কর্মরতপদ | শুন্য পদ |
|---|---|---|---|---|

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| সংস্কার | নিশ্চিতকরণ এবং প্রাকৃতিক দূর্যোগের সময় চাষীদেরকে ক্ষতিগ্রস্থ হওয়ার হাত থেকে পরিত্রাণের মাধ্যমে মৎস্য চাষে উদ্বুদ্ধকরণ | | | | | |
| | | | | **মোট =** | **১৩৭.৫** | **৫৯.০** |

### ৩.০৪ উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ;

পরিবারের সকলের সুস্বাস্থ্যের মূল ভিত্তি হলো পরিকল্পিত পরিবার। জনসংখ্যা বৃদ্ধির উচ্চহার যেমন আমাদের সার্বিক উন্নয়নের প্রতিবন্ধক, তেমনি ঘন ঘন ও অধিক সন্তান জন্মদান মা ও শিশু স্বাস্থ্যের উপর বিরূপ প্রভাব সৃষ্টি করে। পরিবার পরিকল্পনা বিভাগের সেবা প্রদানকারীবৃন্দ অব্যাহত নিবিড় যোগাযোগের মাধ্যমে সক্ষম দম্পতিদের মধ্যে ছোট পরিবারের আদর্শ জনপ্রিয় করার পাশাপাশি মানসম্পন্ন সেবার মাধ্যমে গর্ভকালীন পরিচর্যাসহ মা ও শিশু স্বাস্থ্য সুরক্ষায় কাজ করে যাচ্ছেন। একটি সুখী সমৃদ্ধ, স্বাস্থ্যবান প্রজন্ম বিনির্মাণে এ বিভাগের গুরুত্ব অপরিসীম। গত কয়েক দশকে ধারাবাহিক ভাবে দেশের জনসংখ্যা বৃদ্ধির হার হ্রাস পেয়েছে, গড় আয়ু বেড়েছে, মা ও শিশুর মৃত্যুর হার কমেছে। উন্নয়ন সূচকের এ লক্ষণীয় পরিবর্তন সম্ভব হয়েছে মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা বিভাগের জনসচেতনামূলক ব্যাপক কর্মকান্ডের মাধ্যমে ।

### উপজেলার ২০২১-২০২২ সালের পরিবার পরিকল্পনা বিভাগের কর্ম পরিকল্পনা

| কর্মকাণ্ড | লক্ষমাত্রা | লক্ষমাত্রা অর্জন | বাজেট (টাকা) |
|---|---|---|---|
| স্থায়ী পদ্ধতি (পুরুষ) | ১০০ জন | | ৩,৬১,২০০ |
| স্থায়ী পদ্ধতি (মহিলা) | ৫৫০ জন | | ১৯,৮৬,৬০০ |
| ইমপ্ল্যান্ট | ৮০০ জন | | ৩,৫৭,৬০০ |
| আইইউডি | ৭৫৬ জন | | ২,৬৯,৮৯২ |
| ইনজেকশন | ১,২২,৪২০ জন | | |
| কনডম | ৪৫,৮০০পিস | | |
| খাবার বড়ি | ৩,২১,৬২০ সাইকেল | | |

### ৩.০৫ উপজেলা শিক্ষা অধিদপ্তর ;

| ক্রমিক নং | কাজের বিবরণ | সুফল ভোগী সংখ্যা | লক্ষ্য মাত্রা সংখ্যা | অর্থ বা সম্পদের সম্ভাব্য উৎস |
|---|---|---|---|---|
| ১ | আন্ত: প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা (বিদ্যালয়, ইউনিয়ন ও উপজেলা পর্যায়) | চাহিদা মোতাবেক | ১০০% | এডিপি/বিভাগীয় অর্থায়ন |
| ২ | উপজেলা পর্যায়ে কাবক্যাম্পুরি ও কাবলিডার প্রশিক্ষণ কোর্স | চাহিদা মোতাবেক | ১০০% | এডিপি |
| ৩ | বিদ্যালয়ে সবজী বাগান তৈরি | চাহিদা মোতাবেক | ১০০% | এডিপি |
| ৪ | শিক্ষার্থীদের যথাযর্থ ভাবে হাত ধোয়ার অনুশীলন | চাহিদা মোতাবেক | ১০০% | এডিপি |
| ৫ | খেলাধুলার সামগ্রী সরবরাহ | চাহিদা মোতাবেক | ১০০% | ইউজিডিপি |
| ৬ | উপকরণ মেলার আয়োজন (ক্লাস্টার ও উপজেলা পর্যায়) | চাহিদা মোতাবেক | ১০০% | এডিপি/বিভাগীয় অর্থায়ন |
| ৭ | মেধাবী সম্মাননা প্রদান | চাহিদা মোতাবেক | ১০০% | ইউজিডিপি |
| ৮ | আসবাবপত্র মেরামত | চাহিদা মোতাবেক | ১০০% | ইউজিডিপি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | স্কুলের সীমানায় বৃক্ষ রোপন ও সংরক্ষণ | চাহিদা মোতাবেক | ১০০% | ইউজিডিপি |
| ১০ | ক্ষুদ্র মেরামত | চাহিদা মোতাবেক | ৭০% | এডিপি/ বিভাগীয় |
| ১১ | বিদ্যালয় ভবন পুন: নির্মাণ | চাহিদা মোতাবেক | ৯০% | বিভাগীয় অর্থায়ন |
| ১২ | অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণ | চাহিদা মোতাবেক | ৮০% | বিভাগীয় অর্থায়ন |
| ১৩ | গভীর নলকুপ স্থাপন | চাহিদা মোতাবেক | ৮৫% | বিভাগীয় অর্থায়ন |
| ১৪ | ওয়াশ ব্লক নির্মাণ | চাহিদা মোতাবেক | ৮০% | বিভাগীয় অর্থায়ন |
| ১৫ | বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণ | চাহিদা মোতাবেক | ৫০% | বিভাগীয় অর্থায়ন |
| ১৬ | শিক্ষকদের ইন্টারনেট ব্যবহারের প্রশিক্ষণ | চাহিদা মোতাবেক | ৭০% | ইউজিডিপি |
| ১৭ | আইসিটি সংক্রান্ত খরচ | চাহিদা মোতাবেক | ৭৫% | বিভাগীয় অর্থায়ন |
| ১৮ | প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র চালু | চাহিদা মোতাবেক | ১০০% | বিভাগীয় অর্থায়ন /এনজিও |
| ১৯ | স্কুলে দপ্তরী কাম প্রহরী নিয়োগ | চাহিদা মোতাবেক | ৫৯% | বিভাগীয় অর্থায়ন |
| ২০ | বড় ধরনের মেরামত | চাহিদা মোতাবেক | ২৫% | বিভাগীয় অর্থায়ন |
| ২১ | Need based মেরামত | চাহিদা মোতাবেক | ৮০% | বিভাগীয় অর্থায়ন |
| ২২ | বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের এসিসটিভ ডিভাইস বিতরণ | চাহিদা মোতাবেক | ১০০% | এডিপি/বিভাগীয় অর্থায়ন |
| ২৩ | শিশুদের নৈতিক শিক্ষা প্রদানের জন্য শিশুতোষ গ্রন্থ সংগ্রহ | চাহিদা মোতাবেক | ১০০% | এডিপি |

### ৩.০৬ উপজেলা সমাজ সেবা বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের স্বাধীনতা লাভের পর জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের জনগণের অর্থনেতিক মুক্তির যে দৃপ্ত অঙ্গীকার ব্যক্ত করেন তারই ধারাবাহিকতায় সমাজসেবা অধিদপ্তরের শহর কেন্দ্রিক কর্মকান্ডকে গ্রামীণ এলাকায় সম্প্রসারণ করতে নিরলসভাবে কাজ করছে। সমাজসেবা (RSS) কার্যক্রম, জাতীয় জনসংখ্যা কার্যক্রমে পল্লী মাতৃকেন্দ্র (RMC) এর ব্যবহার প্রকল্প এবং শহর সমাজসেবা কার্যক্রম জোরদার করা হয়। পরবর্তী কালে এই কার্যক্রমের সাথে যুক্ত হয় এসিড দগ্ধ, প্রতিবন্ধী ব্যক্তিদের স্বাবলম্বী করার জন্য বিশেষ ঋণ কর্মসূচী অর্থাৎ এসিড দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনঃবাসন কার্যক্রম। তাছাড়া সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সমাজসেবা বিভাগের মাধ্যমে বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা, বিধবা ভাতা ও মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদেরকে উপবৃত্তি প্রদান কার্যক্রম বাস্তবায়ন করে। নিম্নে সমাজ কল্যাণ বিভাগের তথ্যাদি টেবিলের মাধ্যমে প্রদর্শিত করা হলোঃ-

টেবিল-০২ঃ উপজেলার ২০২১-২০২২ সালের সমাজ কল্যাণ বিভাগের কর্মকান্ড

| কর্মকান্ড | লক্ষ্যমাত্রা | লক্ষ্যমাত্রা অর্জন | বাজেট (টাকা) | বাজেটের টাকার উৎস |
|---|---|---|---|---|
| পল্লী সমাজ সেবা কার্যক্রম (আরএসএস) | ১২৩২০৮৬৫ | | | |
| এসিডদগ্ধ ও শারীরিক প্রতিবন্ধী কার্যক্রম | ২০৩৩২৫০ | | | |
| ভাতা কার্যক্রম | | | | |
| বয়স্ক ভাতা | ৭১৩০৮২০০ | | | বিভাগীয় রাজস্ব তহবিল |
| বিধবা ভাতা | ৩৪৮২৪০০০ | | | বিভাগীয় রাজস্ব তহবিল |
| প্রতিবন্ধী ভাতা | ৪৬৪৯৩০০০ | | | বিভাগীয় রাজস্ব তহবিল |
| প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ভাতা | ৩৫৮৮৬০০ | | | বিভাগীয় রাজস্ব তহবিল |
| মুক্তিযোদ্ধা ভাতা | - | | | বিভাগীয় রাজস্ব তহবিল |
| মোট | ১৭০৫৬৭৯১৫ | | | |

### ৩.০৭ উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় আত্মকর্মসংস্থানের লক্ষ্যে বেকার যুবদের গবাদি পশু হাঁস মুরগী পালন, মৎস্য চাষ, সেলাই, ব্লক ও বাটিক প্রিন্ট, কম্পিউটার প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে দক্ষতা বৃদ্ধি-মূলক প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকে। প্রশিক্ষণোত্তর প্রকল্প গ্রহণকারীদের সহজ শর্তে ঋণ প্রদান করা হয়। যুব ক্লাবের মাধ্যমে জেন্ডার ইস্যু,প্রজনন স্বাস্থ্য, এইচ আই ভি এইডস, জীবন দক্ষতা ও তথ্য প্রযুক্তি ব্যবহারের সুযোগ সৃষ্টি করা সহ বিভিন্ন সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম বাস্তবায়ন করা হয়।

## পরিকল্পনা ঃ (২০২১-২২)

| ক্রঃ নং | সম্পদ/কাজের বিবরণ | তহবিলের উৎস | কাজের একক | মোট ব্যয় (লক্ষ টাকায়) | উপকারভোগীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | প্রশিক্ষণ ও আত্নকর্মসংস্থান কর্মসূচী (রাজস্ব) | | | | |
| | ক) অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ঃ | জি ও বি | ৫৫০ জন | ১০.৫০ | ৫৫০ জন |
| | খ) প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ঃ | জি ও বি | ১০০ জন | ১.৫০ | ১০০ জন |
| ২ | বিশেষ প্রশিক্ষণ ও উপকরণ বিতরণ | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল/এডিপি | ৩০ জন | ২.০০ | ৩০ জন |
| ৩ | মুক্তিযোদ্ধাদের পোষ্য/ সন্তানদের প্রশিক্ষণ | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল/এডিপি | ৩০ জন | ২.০০ | ৩০ জন |
| ৪ | আত্নকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যুব ঋণ | জি ও বি | ৮০ জন | ৩০.৪০ | ৮০ জন |
| ৫ | যুব সংগঠনকে অনুদান প্রদান | যুবকল্যাণ তহবিল জি ও বি | ০৪টি সংগঠন | ১.০০ | ০৪টি সংগঠন |
| ৬ | বিভিন্ন সামাজিক ইস্যুঃ মাদক বিরোধী প্রচারাভিযান,বাল্যবিবাহ রোধ এইচআইভি এইডস | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল/এডিপি | ৩০০জন | ১.০০ | ৩০০জন |
| ৭ | যুব সংগঠনকে ক্রীড়া সামগ্রী বিতরণ কর্মসূচী | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল/এডিপি | ৫টি | ২.৫ | ১৫০জন |

## ৩.০৮ উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, শ্যামনগর, সাতক্ষীরা।

### মাধ্যমিক শিক্ষা বিভাগ, শ্যামনগর, সাতক্ষীরা এর বার্ষিক পরিকল্পনা: ২০২১-২০২২

| ক্র:নং: | কাজের বিবরণ | অর্থের উৎস | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ফুটবল: প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে একটি করে সুসজ্জিত দল গঠন এবং উপজেলা পর্যায়ে আন্ত:স্কুল, মাদ্রাসা ও কলেজের মধ্যে ফুটবল প্রতিযোগিতার আয়োজন করা | প্রতিষ্ঠানে নিজস্ব তহবিল | |
| ২ | ক্রিকেট: প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে একটি করে সুসজ্জিত দল গঠন এবং উপজেলা পর্যায়ে আন্ত:স্কুল, মাদ্রাসা ও কলেজের মধ্যে ক্রিকেট প্রতিযোগিতার আয়োজন করা | প্রতিষ্ঠানে নিজস্ব তহবিল | |
| ৩ | ভলিবল: প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে একটি করে সুসজ্জিত দল গঠন এবং উপজেলা পর্যায়ে আন্ত:স্কুল, মাদ্রাসা ও কলেজের মধ্যে ভলিবল প্রতিযোগিতার আয়োজন করা | প্রতিষ্ঠানে নিজস্ব তহবিল | |
| ৪ | ব্যাডমিন্টন: উপজেলা পর্যায়ে আন্ত:স্কুল, মাদ্রাসা ও কলেজের মধ্যে ব্যাডমিন্টন প্রতিযোগিতার আয়োজন করা | প্রতিষ্ঠানে নিজস্ব তহবিল | |
| ৫ | সাংস্কৃতিক অনুষ্ঠান: প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে একটি করে সুসজ্জিত দল গঠন এবং উপজেলা পর্যায়ে আন্ত:স্কুল, মাদ্রাসা ও কলেজের মধ্যে প্রতিযোগিতামূলক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা | উপজেলা প্রশাসনের উদ্যোগে, স্থানীয় সংরক্ষিত তহবিল | |
| ৬ | অন্যান্য: শিক্ষা সফরের আয়োজন করা | প্রতিষ্ঠানে নিজস্ব তহবিল | |

### উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয় পরিকল্পনা ও বাজেট: ২০২১-২০২২

| ক্র: নং: | কাজের বিবরণ | সুফলের ধরণ | অর্থ/সম্পদের উৎস | কাজের পরিমান | কাজের মোট ব্যয় (লক্ষ টাকা) | উপকারভোগীদের সংখ্যা (জন) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | শিক্ষার গুণগত মানোন্নয়নে উপবৃত্তি বিতরণ | | প্রকল্প | ষষ্ঠ হতে স্নাতক ও সমপর্যায়ের সকল শিক্ষার্থী | ৯০,৫০,০০০/= | ৭৯৩৩জন | |
| ২. | শিক্ষা প্রতিষ্ঠানকে তথ্য প্রযুক্তির আওতায় আনা | | জিওবি | ৭২টি প্রতিষ্ঠান | | ৩৮৫২জন | |
| ৩. | শিক্ষা প্রতিষ্ঠানে অবকাঠামো উন্নয়ন | | জিওবি ও দাতা সংস্থা | ১০টি প্রতিষ্ঠান | | ৪৮০জন | |
| ৪. | সৃজনশীল মেধাবিকাশ ও সহপাঠ্যক্রম বাস্তবায়ন | | জিওবি ও স্থানীয় | ৭২টি প্রতিষ্ঠান | | ২৪৪২৬জন | |
| ৫. | বৃক্ষরোপণ | | স্থানীয় প্রশাসন | ৭২টি প্রতিষ্ঠান | | | |

## ৩.০৯ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর গ্রামীণ পর্যায়ে পানীয়জল ও স্যানিটেশন উন্নয়নের একটি সরকারি প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানটি বৃটিশ আমলে ১৯৩৬ সালে প্রতিষ্ঠিত। প্রতিষ্ঠানটি রোগ ও আর্সেনিকমুক্ত নিরাপদ পানি সরবরাহের একটি সেবামূলক প্রতিষ্ঠান। পানীয়জল ও স্যানিটেশন উন্নয়নে এই প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ নিরলস প্রচেষ্টা চালিয়ে আসছে। পানীয় জল সরবরাহের ক্ষেত্রে ইউনিসেফের সহায়তায় বাংলাদেশের গ্রামীণ জনপদে বিপুল পরিমাণ নলকূপ স্থাপন করা হয়েছে। নব্বইয়ের দশক হতে বাংলাদেশে পানীয়জলে আর্সেনিক দেখা দিলে, নিরাপদ পানির ক্ষেত্রে এক কঠিন চ্যালেঞ্জের সম্মুখীন হতে হয়। ফলশ্রুতিতে নতুন করে নিরাপদ, আর্সেনিক মুক্ত পানি সরবরাহের লক্ষ্যে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর অগ্রণী ভূমিকা পালন করে। আর্সেনিকমুক্ত পানি সরবরাহের জন্য গভীর নলকূপ, তারা গভীর নলকূপ, অগভীর নলকূপ, এস.এস.টি, ভি.এস.এস.টি, পি.এস.এফ, রেইন ওয়াটার হারভেষ্টার, সিডকো প্লান্ট, রিভার্স অসমোসিস প্লান্ট, পৌরসভায় পাইপ ওয়াটার সাপ্লাই (ট্রিটমেন্ট পান্ট), পাহাড়ি জনপদে রিং ওয়েল, ডাগ ওয়েল, গ্রামীণ পাইপ ওয়াটার সাপ্লাই, পুকুর খনন ও পুনঃ খনন সহ বিভিন্ন পানির উৎস স্থাপন করছে। এ পর্যন্ত সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলায় নিরাপদ পানির অগ্রগতি ৬৫%।

সর্বোপরি জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বিশুদ্ধ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা উন্নয়নের জন্য নিরলস ভাবে চেষ্টা চালিয়ে যাচ্ছে।

# জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক পরিকল্পনা (২০২১-২২)

| ক্রঃ নং | উন্নয়ন খাত | প্রকল্পের নাম | উদ্দেশ্য | সম্ভাব্য উপকার ভোগী | পরিমান/ দৈর্ঘ্য | সম্ভাব্য ব্যয় | অর্থায়ন |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ,, | গ্রামীণ পানি সরবরাহ | আর্সেনিক মুক্ত নিরাপদ পানি সরবরাহ | ৩০০জন<br>৩০০জন | ঝঝঞ-২০<br>ঝঞড-২০ | ৫,০০,০০০/-<br>৫,০০,০০০/- | জি.ও.বি. ও বিভিন্ন দাতা সংস্থা |
| ২ | ,, | ইউনিয়ন ভিত্তিকপাইপ লাইন ওয়াটার সাপ্লাই | আর্সেনিক মুক্ত নিরাপদ পানি সরবরাহ | ৪,০০০জন | ৪টি=১৬ কি.মি. | ৪০,০০,০০০/- | ঐ |
| ৩ | ,, | পৌরসভা পাইপ লাইন ওয়াটার সাপ্লাই | আর্সেনিক মুক্ত নিরাপদ পানি সরবরাহ | | --- | --- | ঐ |
| ৪ | ,, | গ্রামীণ স্যানিটেশন প্রকল্প | স্বল্প ব্যয়ে ইমপ্রুভ ল্যাট্রিন সরবরাহ | ২০০০জন | ৪০০সেট | ৮,০০,০০০/- | ঐ |
| ৫ | ,, | মাধ্যমিক স্কুল ও মাদ্রাসায় পানি সরবরাহ প্রকল্প | আর্সেনিকমুক্ত নিরাপদ পানি সরবরাহ | ৪০০জন হারে | অগভীর নলকূপ-৬৩ | ২২,০৫,০০০/- | সেকায়েপ |
| ৬ | ,, | মাধ্যমিক স্কুল ও মাদ্রাসায় স্যানিটেশন প্রকল্প | স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন | ৪০০জন হারে | কমি.টয়লেট= ৬৩ | ৬,৩০,০০,০০০/- | ঐ |
| ৭ | ,, | কলেজ ভিত্তিক পানি সরবরাহ প্রকল্প | আর্সেনিকমুক্ত নিরাপদ পানি সরবরাহ | ৬০০জন হারে | অগভীর- ৭ | ২,৪৫,০০০/- | ঐ |
| ৮ | ,, | কলেজ ভিত্তিক স্যানিটেশন প্রকল্প | স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন | ৬০০জন হারে | কমি.টয়লেট- ৭ | ৭০,০০,০০০/- | জি.ও.বি. |
| ৯ | ,, | হাট বাজার ভিত্তিক স্যানিটেশন প্রকল্প | স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন | ১০০০ জন হারে | পাবলিক টয়লেট-৫১ | ৮,১৬,০০,০০০/- | ঐ |
| ১০ | ,, | নলকূপের পাটাতন উঁচুকরণ | বন্যা এলাকায় পানি সরবরাহ | --- | --- | --- | --- |
| ১১ | ,, | বাস ষ্টপেজ ভিত্তিক ল্যাট্রিন নির্মাণ প্রকল্প | স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন | ১৫০০জন হারে | কমিউনিটি টয়লেট- ৫টি | ৫০,০০,০০০/- | ঐ |
| ১২ | ,, | স্কুল ভিত্তিক ল্যাট্রিন মেরামত প্রকল্প | স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন | ৪০০ জন হারে | ১০টি | ১৫,০০,০০০/- | জি.ও.বি. পিইডিপি-৪ |
| ১৩ | ,, | স্কুল ভিত্তিক নলকূপ মেরামত প্রকল্প | নিয়মিত পানি সরবরাহের ব্যবস্থা | ৪০০জন হারে | অগভীর নলকূপ-২৫টি | ৫০,০০০/- | ঐ |
| ১৪ | ,, | হাসপাতাল ও কমিউনিটি ক্লিনিকে ল্যাট্রিন নির্মাণ | স্যানিটেশন ব্যবস্থা উন্নয়ন | ১০০০জন হারে | কমিউনিটি টয়লেট- ৫টি | ২৫,০০,০০০/- | জি.ও.বি. ও স্বাস্থ্য প্রকৌ. |
| ১৫ | ,, | হাসপাতাল ও কমিউনিটি ক্লিনিকে নলকূপ স্থাপন | আর্সেনিকমুক্ত নিরাপদ পানি সরবরাহ | ৫০০জন হারে | অগভীর নলকূপ ১০টি | ২,৫০,০০০/- | ঐ |
| ১৬ | ,, | পুকুর পুনঃ খনন | মিষ্টি ও সুপেয় পানি সরবরাহ | ১০০০০ জন | ১০টি | ২,০০,০০,০০০/- | জি.ও.বি. |
| ১৭ | ,, | পল্লী অঞ্চলে নিরাপদ পানি সরবরাহ | আর্সেনিকমুক্ত নিরাপদ পানি সরবরাহ | ১০০০০জন<br>৫০০জন | গভীর-১০০টি<br>অগভীর-১০০টি | ৬৫,০০,০০০/-<br>২৫,০০,০০০/- | ঐ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১৮ | ,, | খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট জেলা পলী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্প | আর্সেনিকমুক্ত নিরাপদ পানি সরবরাহ | ২৫০০জন<br>২৫০০জন | তারাগভীর- ৫০<br>গভীর-৫০টি | ৪০,০০,০০০/-<br>৪০,০০,০০০/- | ঐ |
| ১৯ | ,, | অগ্রাধিকারমূলক গ্রামীণ পানি সরবরাহ প্রকল্প | আর্সেনিকমুক্ত নিরাপদ পানি সরবরাহ | ৫০০০জন | জডঐ -১০০০ | ৪,৫০,০০,০০০/- | ঐ |
| ২০ | ,, | আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্প | আর্সেনিকমুক্ত নিরাপদ পানি সরবরাহ | ৫০০০জন<br>৫০০০জন | গভীর-১০০টি<br>তারাগভীর-১০০ | ৮০,০০,০০০/-<br>৮০,০০,০০০/- | ঐ |

### ৩.১০ উপজেলা প্রাণিসম্পদ বিভাগ, শ্যামনগর, সাতক্ষীরা ঃ

প্রাণিসম্পদের গুরুত্ব জাতীয় অর্থনীতিতে অপরিসীম। প্রাণিসম্পদ ব্যবস্থাপনায় দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি এবং এ সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত তথা আমিষের চাহিদা পূরণ করা এ বিভাগের মূল লক্ষ্য। দুধ, মাংস ও ডিম উৎপাদন ছাড়াও দারিদ্র বিমোচন, আত্মকর্মসংস্থানসহ আর্থ সামাজিক উন্নয়নে প্রাণিসম্পদ বিভাগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। গবাদিপ্রাণি ও হাঁস-মুরগির টিকা প্রদান, চিকিৎসা কার্যক্রম, খামার ব্যবস্থাপনা বিষয়ে পরামর্শ প্রদান, ঘাস উৎপাদন, কৃত্রিম প্রজননের মাধ্যমে উন্নত জাতের গবাদিপ্রাণি পালন, এ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান ইত্যাদি কার্যক্রম এ বিভাগ বাস্তবায়ন করে থাকে। বিশেষতঃ অতি দরিদ্র জনগোষ্ঠীকে এ সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রদানের ফলে তাদের আত্মকর্মসংস্থানের সুযোগ তৈরি হবে এবং তারা অর্থনৈতিকভাবে লাভবান হবে। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ এ সেক্টরের উন্নয়নের লক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করেছে:-

- খামারীদের উদ্বুদ্ধকরণ ও প্রশিক্ষণ প্রদান
- স্বল্পমূল্যে কৃত্রিম প্রজনন সুবিধা গড়ে তোলা
- নিয়মিত টিকাদান ও কৃমিনাশক ঔষধ খাওয়ানো
- খামারিদের গো-খাদ্যের জন্য ঘাস চাষে উদ্বুদ্ধ করা
- গো-খাদ্যের জন্য উদ্ভাবিত বিভিন্ন প্রযুক্তি যেমন, ইউএমএস, ইউএমবি, সাইলেজ, ভেজা খড় সংরক্ষণ ইত্যাদি মাঠ পর্যায়ে প্রদর্শনী আকারে সম্প্রসারণ করা

বার্ষিক পরিকল্পনা

| ক্রমিক | কার্যক্রমের নাম | |
|---|---|---|
| ০১ | ০২ | ২০২১-২০২২ |
